# বার্ষিক প্রতিবেদন

## ২০২২-২০২৩

উপজেলা সমবায় কার্যালয়, বাঘা, রাজশাহী

## সহযোগিতায়

মোহাঃ আরজিনা খাতুন
সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, বাঘা, রাজশাহী

## প্রধান পৃষ্ঠপোষক:


মোহা: আব্দুল মকিম
উপজেলা সমবায় অফিসার, বাঘা, রাজশাহী

## প্রকাশনায়:

উপজেলা সমবায় কার্যালয়, বাঘা, রাজশাহী

cooperative.bagha.rajshahi.gov.bd

**প্রকাশ কাল ১২ অক্টোবর ২০২৩**



"আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপ্রেক্ষিতে গণমূখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।"

**- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান**



"এটা পরীক্ষিত যে বহুমুখী গ্রাম সমবায় আমরা যদি গড়ে তুলতে পারি, বাংলাদেশে কোন দারিদ্র্য থাকবে না।"

**-মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা**



# সমবায় - সংগীত

-কাজী নজরুল ইসলাম

‘ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- ‘সমবায়, সমবায়!’
ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!
দারিদ্র্য, ঋণ, অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!
সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়॥
মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়॥
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের জাঁতাকলে
এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছি আসি - রবে না জগতে প্রবলের অন্যায়॥

# বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন

## প্রারম্ভিকা

সমবায় এর আর্থ-সামাজিক দ্যোতনা বিচার করে বলা হয়ে থাকে 'সমবায় সমিতি হচ্ছে সদস্যদের জন্য, সদস্যদের দ্বারা এবং সদস্যদের কল্যাণে পরিচালিত সংগঠন। (A Cooperative Society is the organization of the cooperators, for the cooperators and by the cooperators). বাংলার কৃষককে সুদখোর মহাজনদের শোষন থেকে বাঁচানোর মহৎ উদ্দেশ্যে এ উপমহাদেশে ১৯০৪ সালে সমবায় আন্দোলনের আনুষ্ঠানিক যাত্রা শুরু|

বিভিন্ন চড়াই উৎরাই পেরিয়ে সময়ের প্রেক্ষাপটে অত্র উপজেলায় সঞ্চয়-ঋণদান, সার্বিক গ্রাম উন্নয়ন সহ বিভিন্ন শ্রেণীর বিভিন্ন খাতে সমবায় পদ্ধতির বিস্তার ঘটেছে। এ সুদীর্ঘ পথপরিক্রমার ইতিহাস থেকেই বুঝা যায় সমবায় পদ্ধতির গ্রহণযোগ্যতা রয়েছে এবং ভবিষ্যতে তা আরো বৃদ্ধি হতে থাকবে। স্বাধীনতার পর যুদ্ধবিদ্ধস্ত বাংলাদেশকে পূণর্গঠনের জন্য সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমবায় পদ্ধতিকে গুরুত্ব দিয়েছিলেন। গ্রামীণ অর্থনীতির চাকা সচল করতে গ্রাম সমবায় গড়ার নির্দেশ প্রদান করেছিলেন। তিনি সমবায়ের মাধ্যমে স্বপ্নের সোনার বাংলা গড়তে চেয়েছিলেন। তাই সমবায়কে যথাযথ গুরুত্ব দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে সমবায়কে সম্পদের মালিকানার ২য় খাত হিসেবে অর্ন্তভূক্ত করেছেন।

অত্র উপজেলায় সিভিডিপি প্রকল্পসহ মোট ১২৪ টি সমবায় সমিতি রয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে ০৪ টি আশ্রয়ন সমবায় সমিতি রয়েছে। আশ্রয়ণ প্রকল্পের অন্যতম প্রধান অংগ ক্ষুদ্র ঋণ কার্যক্রম সমবায় অধিপ্তরের সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত হয়। সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি গ্রামের সকল মানুষকে একত্রিত করে গ্রামের অনাবিষ্কৃত সম্ভাবনাগুলোকে উন্মোচন করে স্থানীয় সম্পদ সৃষ্টিতে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে।পরিবহণ খাতে সংশ্লিষ্ট সমবায় সমিতিগুলো পরিবহনসেবা প্রদানসহ দেশের বেকার সমস্যা সমাধানে অগ্রণী ভূমিকা পালন করছে। টেকসই পরিবেশ গড়তে সমবায়ের মাধ্যমে সামাজিক বনায়নকে জনপ্রিয় করে তোলা হয়েছে।

# ১ম অধ্যায়
# উপজেলা সমবায় কার্যালয়, বাঘা, রাজশাহী

১. উপজেলা সমবায় কার্যালয়, বাঘা, রাজশাহীর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

**১.১ রূপকল্প:**

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

**১.২ অভিলক্ষ্য:**

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

**১.৩.১ সমবায় অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;
২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;
৩. মানসম্পন্ন ও নিরাপদ সমবায় পণ্য উৎপাদন ও প্রসার;
৪. দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;

**১.৪ কার্যাবলী:**

১. সমবায় নীতিতে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;
২. সমবায় নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা;
৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ/উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত মান বৃদ্ধি করা;
৪. সমবায় সদস্যবৃন্দকে প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং মূলধন সৃষ্টি ও আত্ম-কর্মসস্থানের মাধ্যমে দারিদ্র্য হ্রাস করা;
৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে মূলধন সৃষ্টি এবং সমবায় ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা;
৭. সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন আর্থ-সামাজিক উন্নয়ন ও সমবায় পণ্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা;
৯. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা, উন্নয়ন কর্মসূচী এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা।

# দপ্তর পরিচিতি

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনে সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস উপজেলা সমবায় কার্যালয়। উপজেলা সমবায় কার্যালয়, বাঘা, রাজশাহী একটি পুরনো কার্যালয়। অত্র কার্যালয়টি রাজশাহীর বাঘা উপজেলা পরিষদ চত্তরে অবস্থিত। উপজেলা সমবায় কার্যালয় সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক সমবায় নিবন্ধন,অডিট, পরিদর্শন সহ সমবায় সমিতির যাবতীয় কার্যক্রমের প্রথম ইউনিট অফিস হিসাবে কাজ করে। এ দপ্তরে মোট অনুমোদিত জনবল ০৫ জন। ০১ জন সমবায়  অফিসার, ০২ জন সহকারী পরিদর্শক, ০১ জন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ও ০১ জন অফিস সহায়ক।

উপজেলা সমবায় কার্যালয় বাঘা রাজশাহীর আওতাধীন সমবায় সংক্রান্ত তথ্য :

কেন্দ্রীয় সমিতির সংখ্যা ০২টি

পউবো : ১) বাঘা ইউসিসিএলি:

২) বাঘা ইউবিসিসিএ লি:

প্রাথমিক সমিতির সংখ্যা ১২৪ টি

সাধারণ : ১২০ টি

আশ্রয়ণ প্রকল্প ০১ টি

সমবায় সমিতির সদস্য সংখ্যা

৩০/০৬/২০২৩ পর্যন্ত সমবায় সমিতির মোট সদস্য সংখ্যা ১২০৪৯ জন।

সমবায় সমিতির মোট মূলধন

৩০/৬/২০২২ পর্যন্ত সমবায় সমিতির মোট মূলধন : ৩৫০.৪৩ লক্ষ টাকা

## ২০২৩-২৪ অর্থ বছরের উল্লেখযোগ্য কার্যাবলি

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, বাঘা, রাজশাহী বিগত বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ বিভাগে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। ২০২১-২২ সালে ৬০ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৫০ জনের স্ব-কর্মসংস্থান হয়েছে। এছাড়াও 'রূপকল্প ২০৪১,'এসডিজি অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ দপ্তরে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত বছরে ৪০ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় ক্রমপুঞ্জিভূত ২,০৯,০০০/- টাকা ঋণ বিতরণ এবং ১,৯৭,০০০/- টাকা আদায় করা হয়েছে।

## বিগত বৎসরের সাফল্য

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে বাঘা উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়, বাঘা, রাজশাহী এর আওতাধীন নিবন্ধিত সমবায় এর সংখ্যা ১২৪ টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমেপূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষার মাধ্যমে নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে।

বিগত বছরের সাফল্য সমূহ নিম্নরুপ;

(ক) বিভিন্ন শ্রেণী পেশার জনগোষ্ঠী সমবায়ের মাধ্যমে একত্রিত হয়ে সম্মিলিত মূলধন গড়ে তুলেছে। বর্তমানে ০২টি কেন্দ্রীয় এবং ১২৪টি প্রাথমিক সাধারণ মোট ১২৬ টি সমবায় সমিতির ৩৫০.০০ লক্ষ্য টাকা মূলধন গঠিত হয়েছে;

(খ) সমবায় থেকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণ করে প্রান্তিক জনগন সাবলম্বী হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে। আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটে মোট ৬ জন সমবায়ী প্রশিক্ষণ গ্রহণ করেছেন;

(গ) সমবায়ের মাধ্যমে ৫০ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে;

(ঘ) ২০২২-২৩ অর্থ বছরে অডিট ফি বাবদ ০.০৯ লক্ষ টাকা সরকারি রাজস্ব আদায় করা হয়েছে;

(ঙ)  ২০২২-২৩ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিলে ০.০৩ লক্ষ টাকা আদায় করা হয়েছে;

(চ) আশ্রয়ণ সমবায় সমিতির সদস্যদের ঋণ বিতরণ ও বিতরণকৃত ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। উপজেলার নুরনগর আশ্রয়ণ প্রকল্প ফেইজ-২ প্রকল্পে ৪০ জন সদস্যকে ক্রমপুঞ্জিভূত ২,০৯,০০০/- টাকার ঋণ বিতরণ ও ১,৯৭,০০০/- টাকা ঋণ আদায় হয়েছে। সার্ভিস ফি আদায় হয়েছে ১৫৭৬০/- টাকা। প্রকল্প দপ্তরে সার্ভিস ফি প্রেরণ করা হয়েছে ৪২৯০/- টাকা;

(ছ) ২০২২-২৩ অর্থ বছরে ০৪ টি প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন হয়েছে;

(জ) ২ টি ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে ৫০ জন সদস্যকে কৃষি, পশুপালন, মৎস্যচাষ ও সমবায় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে;

(ঝ) সমিতি গুলির সফল কার্যক্রমের প্রেক্ষিতে ইতোমধ্যে ০১ টি মহিলা সমবায় সমিতি তাদের নিজস্ব অর্থায়নে সমিতির নিজস্ব অফিস ঘর নির্মাণ করেছে। অফিস ঘরের সাথেই সমিতির সদস্যদের উৎপাদিত সবজি পণ্য বিক্রয় করেন।

(ঞ) উৎপাদনমুখী ও টেকসই সমবায় গঠনের লক্ষ্যে বিদ্যমান সমবায় সমিতিগুলিকে উদ্বুদ্ধ করণ সহ নতুন সমবায় গঠণের প্রচেষ্টা চলছে।

(ট) উপজেলার মৎস্য সমবায়গুলোর মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে।

## জাতীয় সমবায় পুরষ্কার ২০২২ এর মনোনয়ন

বাঘা উপজেলা হতে নিম্নবর্ণিত ০১টি সমিতিকে জাতীয় সমবায় পুরষ্কার ২০২২ এর জন্য মনোনয়ন প্রদান করা হয়েছে।

| শ্রেণি | সমবায় সমিতির নাম | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি | ভারটেক্স সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | ৬৩ |

বাঘা উপজেলা হতে নিম্নবর্ণিত ০১টি সমবায়ীকে জাতীয় সমবায় পুরষ্কার ২০২২ এর জন্য মনোনয়ন প্রদান করা হয়েছে।

| শ্রেণি | সমবায়ীর নাম | সমবায় সমিতির নাম | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| মহিলা সমবায় সমিতি | মোসা: ফাতেমা খাতুন (লতা) | আশার আলো মহিলা সমবায় সমিতি লিঃ | ৭২ |

# কর্মকর্তা/কর্মচারীর তথ্য

অত্র দপ্তরের অনুমোদিত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ০৫টি। বর্তমানে ০৪ জন কর্মরত আছেন।

| কর্মকর্তা/কর্মচারীর নাম | | পদবী | মোবাইল নম্বর | ইমেইল এড্রেস |
|---|---|---|---|---|
| মোঃ আব্দুল মকিম |  | উপজেলা সমবায় অফিসার | ০১৭১৫-৪৩৫০৭৪ | uco-bagha@yahoo.com |
| মোছাঃ আরজিনা খাতুন |  | সহকারী পরিদর্শক | ০১৭৫০-২৯৩৮২৩ | arjinasomo24@gmail.com |
| মোঃ আরিফ উদ্দিন |  | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ০১৭১২-৪৩৯৪৯০ | |
| মোঃ আরিফুল ইসলাম |  | অফিস সহায়ক | ০১৭১৬-০৪৭৬৭০ | arifulislamlampur4@gmail.com |

২০২১-২২ সালে ০১ জন কর্মচারী অত্রদপ্তর হতে অন্যত্র বদলী হয়েছেন

| কর্মকর্তা/কর্মচারীর নাম | | পরবর্তী কর্মস্থল |
|---|---|---|
| মোঃ বুলবুল ইসলাম<br>সহকারী পরিদর্শক |  | উপজেলা সমবায় কার্যালয়<br>চারঘাট, রাজশাহী। |

# নাগরিকগণের জন্য প্রদত্ত বিশেষ সেবা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বাস্তবায়নযোগ্য কৌশল সমূহের মাধ্যমে সেবা গ্রহণকারী নাগরিকদের বিভিন্ন সেবা প্রদান করা হচ্ছে। সেবা গ্রহণকারীদের বসার সুব্যবস্থা করা হয়েছে। দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম নাগরিকদের দৃষ্টিগোচর করার জন্য দপ্তরে নোটিশ বোর্ড স্থাপন করা হয়েছে। অভিযোগ দাখিলের জন্য অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। দপ্তরের ওয়েব পোর্টাল সর্বদা হালনাগাদ রাখা হচ্ছে।

সমবায় সমিতির অডিট, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন, সাধারণ সভা ও অডিট সংশোধিনী দাখিলের নির্দিষ্ট সময়ে করণীয় নির্ধারিত কাজগুলো যথাসময়ে সম্পাদনের জন্য নোটিশ বোর্ডে প্রকাশ সহ পত্র প্রদানের মাধ্যমে স্টেক হোল্ডারদের অবহিত করা হচ্ছে।

সমবায় আইন ও বিধি মোতাবেক সমিতি পরিচালনার লক্ষ্যে স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

সমিতি পর্যায়ে সমবায় নেতৃবৃন্দের মতবিনিময় সভার আয়োজন করা হচ্ছে।

সমিতির উৎপাদিত পণ্য বাজারজাত করণের জন্য অনলাইন ক্রয়-বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। সমবায় বিভাগ কো-অপারেটিভ টু কো-অপারেটিভ এর যোগাযোগ স্থাপনে এখানে সমন্বয়ক হিসাবে কাজ করছে।

তথ্য অধিকার আইন অবহিত করণ, দূর্নীতি দমন আইন অবহিত করণ, ডিজিটাল সেবা বিষয়ে অবহিত করা হচ্ছে।

— ০ —